NOV. 20 2001

দৈনিক সংবাদ

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১২ কলাম ২

# কিউএএমএ রহিম সার্ক মহাসচিব হচ্ছেন

কূটনৈতিক বার্তা পরিবেশক ঃ সার্ক মহাসচিব হিসেবে নিয়োগ পাচ্ছেন কিউএএমএ রহিম। তিনি ছিলেন অস্ট্রেলিয়া বাংলাদেশ মিশনের হাই-কমিশনার। গত বছর তিনি চাকরি থেকে অবসরে যান।

বর্তমান সার্ক মহাসচিব ও শ্রীলংকার নাগরিক নিহাল রডরিগোর মেয়াদ আগামী ৩১শে ডিসেম্বর শেষ হবে। আগামী ১লা জানুয়ারি ২০০২ থেকে পরবর্তী ৩ বছরের জন্য এমএ রহিমকে নিয়োগ দিতে সার্ক সচিবালয়কে প্রস্তাব করেছে বাংলাদেশ। বিধি অনুযায়ী শ্রীলংকার পর মহাসচিব নিয়োগ পাবে বাংলাদেশ থেকে। এক্ষেত্রে বাংলাদেশ যার নাম প্রস্তাব করবে আগামী ২রা জানুয়ারি অনুষ্ঠেয় কাউন্সিল অফ মিনিস্টারর্স বৈঠকে তাকে নিয়োগ দেয়া হবে। আগামী ২রা জানুয়ারি কাঠমণ্ডুতে সার্ক পররাষ্ট্রমন্ত্রীদের কাউন্সিল অফ মিনিস্টার্স বৈঠক অনুষ্ঠিত হতে যাচ্ছে। তারপরে অনুষ্ঠিত হবে সার্ক শীর্ষ সম্মেলন। বাংলাদেশের প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া সার্ক শীর্ষ সম্মেলনে যোগ দেবেন।

সার্কের প্রথম মহাসচিব ছিলেন আবুল আহসান। তিনি সে সময়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ে সার্ক ডেস্কের মহাপরিচালক ছিলেন।